

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়
ঢাকা।

প্রিয় মহোদয়,

বিষয়ঃ কুটির , মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প / উদ্যোগের (Cottage, Micro, Small and Medium Industry/Enterprise) সংজ্ঞা প্রসংগে।

উপরোক্ত বিষয়ে ২৬/০৫/২০০৮ তারিখে জারীকৃত এসিএসপিডি সার্কুলার নং ০৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। বর্ণিত সার্কুলারের মাধ্যমে জারীকৃত ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের সংজ্ঞা সংশোধনপূর্বক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প নীতি ২০১০ এ প্রদত্ত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের সংজ্ঞার আলোকে বাংলাদেশের সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের অনুসরণের জন্য কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প/উদ্যোগ এর সংজ্ঞা নিম্ন বর্ণিতভাবে নির্ধারণ করা হ'লঃ

মাঝারি শিল্প/উদ্যোগ

- ১.১ ম্যানুফ্যাকচারিং ক্ষেত্রে “মাঝারি শিল্প/উদ্যোগ” (Medium Industry/Enterprise) বলতে সেসব শিল্প প্রতিষ্ঠানকে বুঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ১০ কোটি টাকার অধিক এবং ৩০ কোটি টাকার মধ্যে কিংবা সেসব শিল্প প্রতিষ্ঠানে ১০০-২৫০ জন শ্রমিক নিয়োজিত রয়েছে।
- ১.২ সেবামূলক শিল্পের ক্ষেত্রে “মাঝারি শিল্প/উদ্যোগ” বলতে সেসব শিল্প প্রতিষ্ঠানকে বুঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ১ কোটি টাকা থেকে ১৫ কোটি টাকা পর্যন্ত কিংবা সেসব শিল্প প্রতিষ্ঠানে ৫০-১০০ জন শ্রমিক নিয়োজিত রয়েছে।
- ১.৩ ব্যবসার ক্ষেত্রে “মাঝারি শিল্প/উদ্যোগ” বলতে সেসব প্রতিষ্ঠানকে বুঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ১ কোটি টাকা থেকে ১৫ কোটি টাকা পর্যন্ত কিংবা সেসব প্রতিষ্ঠানে ৫০-১০০ জন শ্রমিক নিয়োজিত রয়েছে।
- ১.৪ কোনো একটি মানদন্ডের ভিত্তিতে একটি কর্মকাণ্ড মাঝারি শিল্পের/উদ্যোগের অন্তর্ভুক্ত হলেও অন্য মানদন্ডে সেটি বৃহৎ শিল্পের/উদ্যোগের অন্তর্ভুক্ত হতে পারে। সেক্ষেত্রে এ কর্মকাণ্ডটি বৃহৎ শিল্পের/উদ্যোগের অন্তর্ভুক্ত বলে বিবেচিত হবে।
- ১.৫ ম্যানুফ্যাকচারিং/সেবা/ব্যবসা ক্ষেত্রে প্রতিস্থাপন ব্যয়সহ স্থায়ী সম্পদের (জমি ও কারখানা ভবন ব্যতিরেকে) মূল্যের ক্ষেত্রে যেখানে মাঝারি শিল্প/উদ্যোগের সীমা শেষ, এর পর থেকে বৃহৎ শিল্প/উদ্যোগের নিম্ন সীমা শুরু হবে।

ক্ষুদ্র শিল্প/উদ্যোগ

- ২.১ ম্যানুফ্যাকচারিং ক্ষেত্রে “ক্ষুদ্র শিল্প/উদ্যোগ” (Small Industry/Enterprise) বলতে সেসব শিল্প প্রতিষ্ঠানকে বুঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ৫০ লক্ষ টাকা থেকে ১০ কোটি টাকা কিংবা সেসব শিল্প প্রতিষ্ঠানে ২৫-৯৯ জন শ্রমিক কাজ করে।
- ২.২ সেবামূলক শিল্পের ক্ষেত্রে “ক্ষুদ্র শিল্প/উদ্যোগ” বলতে সেসব শিল্প প্রতিষ্ঠানকে বুঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ৫ লক্ষ টাকা থেকে ১ কোটি টাকা কিংবা সেসব শিল্প প্রতিষ্ঠানে ১০-২৫ জন শ্রমিক কাজ করে।
- ২.৩ ব্যবসার ক্ষেত্রে “ক্ষুদ্র শিল্প/উদ্যোগ” বলতে সেসব প্রতিষ্ঠানকে বুঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ৫ লক্ষ টাকা থেকে ১ কোটি টাকা কিংবা সেসব প্রতিষ্ঠানে ১০-২৫ জন শ্রমিক কাজ করে।
- ২.৪ কোনো একটি মানদন্ডের ভিত্তিতে একটি কর্মকাণ্ড ক্ষুদ্র শিল্পের/উদ্যোগের অন্তর্ভুক্ত হলেও অন্য মানদন্ডে সেটি মাঝারি শিল্পের/উদ্যোগের অন্তর্ভুক্ত হতে পারে। সেক্ষেত্রে এ কর্মকাণ্ডটি মাঝারি শিল্পের/উদ্যোগের অন্তর্ভুক্ত বলে বিবেচিত হবে।
- ২.৫ ম্যানুফ্যাকচারিং/সেবা/ব্যবসা ক্ষেত্রে প্রতিস্থাপন ব্যয়সহ স্থায়ী সম্পদের (জমি ও কারখানা ভবন ব্যতিরেকে) মূল্যের ক্ষেত্রে যেখানে ক্ষুদ্র শিল্প/উদ্যোগের সীমা শেষ এর পর থেকে মাঝারি শিল্প/উদ্যোগের নিম্ন সীমা শুরু হবে।

মাইক্রো শিল্প/উদ্যোগ

- ৩.১ “মাইক্রো শিল্প/উদ্যোগ” (Micro Industry/Enterprise) বলতে সেসব শিল্প প্রতিষ্ঠানকে বুঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ৫ লক্ষ টাকা থেকে ৫০ লক্ষ টাকা কিংবা যেসব শিল্প প্রতিষ্ঠানে ১০-২৪ জন বা তার চেয়ে কম সংখ্যক শ্রমিক কাজ করে।
- ৩.২ সেবামূলক শিল্পের ক্ষেত্রে “মাইক্রো শিল্প/উদ্যোগ” বলতে সেসব শিল্প প্রতিষ্ঠানকে বুঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ৫ লক্ষ টাকা এর কম কিংবা যেসব শিল্প প্রতিষ্ঠানে ১০ জন এর কম শ্রমিক কাজ করে।
- ৩.৩ ব্যবসার ক্ষেত্রে “মাইক্রো শিল্প/উদ্যোগ” বলতে সেসব প্রতিষ্ঠানকে বুঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ৫ লক্ষ টাকা এর কম কিংবা যেসব প্রতিষ্ঠানে ১০ জন এর কম শ্রমিক কাজ করে।
- ৩.৪ কোনো একটি মানদণ্ডের ভিত্তিতে একটি কর্মকাণ্ড মাইক্রো শিল্পের/উদ্যোগের অন্তর্ভুক্ত হলেও অন্য মানদণ্ডে সেটি ক্ষুদ্র শিল্পের/উদ্যোগের অন্তর্ভুক্ত হতে পারে। সেক্ষেত্রে এ কর্মকাণ্ডটি ক্ষুদ্র শিল্পের/উদ্যোগের অন্তর্ভুক্ত বলে বিবেচিত হবে।
- ৩.৫ ম্যানুফ্যাকচারিং/সেবা/ব্যবসা ক্ষেত্রে প্রতিস্থাপন ব্যয়সহ স্থায়ী সম্পদের (জমি ও কারখানা ভবন ব্যতিরেকে) মূল্যের ক্ষেত্রে যেখানে মাইক্রো শিল্প/উদ্যোগের সীমা শেষ তার পর থেকে ক্ষুদ্র শিল্প/উদ্যোগের নিম্ন সীমা শুরু হবে।

কুটির শিল্প/উদ্যোগ

- ৪.১ কুটির শিল্প/উদ্যোগ” (Cottage Industry/Enterprise) বলতে পরিবারের সদস্যদের প্রাধান্য বিশিষ্ট সেসব শিল্প প্রতিষ্ঠানকে বুঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ৫ লক্ষ টাকার নিচে এবং পারিবারিক সদস্য সমন্বয়ে সর্বোচ্চ জনবল ১০ এর অধিক নহে।
- ৪.২ কোনো একটি মানদণ্ডের ভিত্তিতে একটি কর্মকাণ্ড কুটির শিল্পের অন্তর্ভুক্ত হলেও অন্য মানদণ্ডে সেটি মাইক্রো শিল্পের অন্তর্ভুক্ত হতে পারে। সেক্ষেত্রে এ কর্মকাণ্ডটি মাইক্রো শিল্পের অন্তর্ভুক্ত বলে বিবেচিত হবে।

নারী শিল্পোদ্যোক্তা

- ৫.০ যদি কোন নারী ‘ব্যক্তি মালিকানাধীন বা প্রোপ্রাইটরী প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্বত্বাধিকারী বা প্রোপ্রাইটর হন’ কিংবা ‘অংশীদারী প্রতিষ্ঠান’ বা ‘জয়েন্ট ষ্টক কোম্পানীতে নিবন্ধিত প্রাইভেট কোম্পানীর পরিচালক বা শেয়ার হোল্ডারগণের মধ্যে’ অন্যান্য ৫১% (শতকরা একান্ন ভাগ) অংশের মালিক হন তাহলে তিনি নারী শিল্পোদ্যোক্তা হিসেবে পরিগণিত হবেন।

কুটির ও মাইক্রো শিল্প/উদ্যোগের অন্তর্ভুক্তি

- ৬.০ এখন থেকে বাংলাদেশ ব্যাংকের এসএমই ঋণ নীতিমালা ও কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ/শিল্পের ন্যায় কুটির ও মাইক্রো উদ্যোগ/শিল্পকে অন্তর্ভুক্ত করা হবে।

এ সার্কুলার অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,
স্বাক্ষরিত/-
(সুকোমল সিংহ চৌধুরী)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১৬৫৩২২